# বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়

১৯, অমৃত বাবু রোড, ময়মনসিংহ।

তারবার্তা ঃ চাষী ব্যাংক
দূরালাপনী ঃ ০২৯৯৬৬৬৪২০৫
০২৯৯৬৬৬৪২৩১
ফ্যাক্স ঃ ০২৯৯৬৬৬২৭৮৭


নং-বিকা(ময়মন) প্রশা ১(১৭)/২০২৩-২৪/৩৮১১ তারিখ ঃ ১৮.০৩.২০২৪ ইং

বিষয় ঃ শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা আয়োজন প্রসঙ্গে ।

অত্র বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও বাস্তবায়নে অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২৩-২৪ অর্থবছরের ৩য় প্রান্তিকের জানুয়ারী-মার্চ/২০২৪ সময়ের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আগামী ১৯.০৩.২০২৪ ইং তারিখ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় অত্র বিভাগের মহাব্যবস্থাপক মহোদয়ের কক্ষে শুদ্ধাচার কমিটির সভা অনুষ্ঠিত হবে। সভায় মহাব্যবস্থাপক মহোদয় সভাপতিত্ব করবেন।

২। উক্ত সভায় শুদ্ধাচার কমিটির সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচীঃ

০১) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও বাস্তবায়নে ৩য় প্রান্তিকের (জানুয়ারী-মার্চ/২০২৪) অগ্রগতি প্রসঙ্গে।

০২) ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩য় প্রান্তিকের কৌশল অনুযায়ী সিদ্ধান্ত গ্রহন ও পূর্বের সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখা সংক্রান্ত।

০৩) দ্রুততম সময়ের মধ্যে ঋণ প্রদান /নবায়ন,ঋণ আদায়,আমানত সংগ্রহও অনান্য খাতে লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত।

মহাব্যবস্থাপক মহোদয়রে নির্দেশক্রমে-

আপনার বিশ্বস্ত

১৮/০৩/২৪

(কমলেশ চন্দ্র দেবনাথ)
উপমহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ-

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
০২। উপ-মহাব্যবস্থাপক,শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা।
০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ।
০৩। সকর মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি,সকল মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ বিভাগ।
০৪। অফিস নথি।

# বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়
কে.এম. টাওয়ার(৩য় তলা), ১৯, অমৃত বাবু রোড ময়মনসিংহ।
gmmymensingh@krishibank.org.bd.

দূরালাপনী ঃ ০২৯৯৬৬৬৪২০৫
০২৯৯৬৬৬৪২৩১
০২৯৯৬৬৬৩৪৫৪


পরিশিষ্ট-ক

**বিকেবি বিভাগীয় কার্যালয়,ময়মনসিংহের " শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি " সংক্রান্ত সভায় উপস্থিত সদস্য গনের হাজিরা**

**তারিখ ঃ ১৯.০৩.২০২৪ ইং,সময় ঃ সকাল ১১.০০টা**

| ক্রঃ নং | নাম ও পদবী | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব জামিল আহমেদ<br>মহাব্যবস্থাপক | বিভাগীয় কার্যালয়,ময়মনসিংহ | |
| ২. | জনাব কমলেশ চন্দ্র দেবনাথ<br>উপমহাব্যবস্থাপক | বিভাগীয় কার্যালয়,ময়মনসিংহ | |
| ৩. | জনাব দস্তগীর মোঃ জাহিদ রেজভী<br>সহকারী মহাব্যবস্থাপক | বিভাগীয় কার্যালয়,ময়মনসিংহ | |
| ৪. | জনাব তানিয়া শারমিন<br>উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | বিভাগীয় কার্যালয়,ময়মনসিংহ | |
| ৫. | জনাব বিজন দে সমীর<br>কর্মকর্তা | বিভাগীয় কার্যালয়,ময়মনসিংহ | |

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়
কে.এম. টাওয়ার(৩য় তলা), ১৯, অমৃত বাবু রোড ময়মনসিংহ। দূরালাপনী ঃ ০২৯৯৬৬৬৪২০৫
gmmymensingh@krishibank.org.bd. ০২৯৯৬৬৬৪২৩১
০২৯৯৬৬৬৩৪৫৪

**-ঃ জানুয়ারী ২০২৪ হতে মার্চ ২০২৪ সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী ঃ-**

| | | |
|---|---|---|
| সভাপতি | .ঃ | জনাব জামিল আহমেদ,মহাব্যবস্থাপক<br>(সভাপতি,বিকেবি, শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি) |
| তারিখ ও সময় | ঃ | তারিখ ঃ ১৯.০৩.২০২৪ ইং,সময় ঃ সকাল ১১.০০টা |
| স্থান | ঃ | মহাব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-ক |

০১। ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। সভাপতি মহোদয় তাঁর আলোচনায় ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন করে ওয়েবসাইটে আপলোডের বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন আর্থিক স্বচ্চতা সুশাসন প্রতিষ্ঠার একটি বড় মাধ্যম। সে কারনেই প্রতিষ্ঠানের সর্বক্ষেত্রে আর্থিক স্বচ্চতা ও জবাবদিহিতার কোন বিকল্প নেই। সরকার সকল প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠার উপর গুরুত্বারোপ করেছেন। তিনি ব্যাংকের অত্র বিভাগের যেন শুদ্ধাচার চর্চা অব্যাহত থাকে সে বিষয়ের উপর গুরুত্বারোপ পূর্বক আঞ্চলিক এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রনয়ন,বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ মেনে চলার পরামর্শ দেন।

০২। সভাপতি "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২৩-২০২৪"এর বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন এবং চলমান প্রান্তিকে লক্ষ্যমাত্রা সমূহ পূরণের জন্য বিশেষ দিক নির্দেশনা প্রদান করেন। তিনি শাখা/কার্যালয়ের সুশাসন ,নিয়মানুবর্তিতা,প্রতিষ্ঠানের বিধিবিধান পরিপালন,অফিস শৃঙ্খলারক্ষা,নিষ্ঠা-সততা এবং সময়ানুবর্তিতার প্রতি বিশেষ গুরুত্বারোপ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন।

০৩। সভায় একে একে সকল সদস্য বক্তব্য প্রদান করেন। তাঁদের বক্তব্যে "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২৩-২০২৪"এর বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে গুরুত্বারোপ করা হয়।

০৪। আলোচনার শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় ঃ

০৯. আঞ্চলিক এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রনয়ন,বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ এর নির্দেশনা অনুসরণ করা।
১০. ২০২৩-২০২৪ অর্থ বছরের সিদ্ধান্ত বাস্তবায়ন ও পূর্বের সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখা।
১১. দ্রুততম সময়ের মধ্যে ঋণ প্রদান /নবায়ন,ঋণ আদায়,আমানত সংগ্রহও অনান্য খাতে লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক হারে অর্জন করা।
১২. ৩য় প্রান্তিকের (জানুয়ারী-মার্চ/২০২৪)"জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি" প্রতিবেদন প্রস্তুত পূর্বক যথাসময়ে ওয়েবে আপলোড করা।

২১/০৩/২৪
(কমলেশ চন্দ্র দেবনাথ)
উপমহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ-

১। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপকের দপ্তর,বিকেবি,বিভাগীয় কার্যালয়,ময়মনসিংহ।
২। উপমহাব্যবস্থাপক,শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ,বিকেবি,প্রকা,ঢাকা।
৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা,বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,ময়মনসিংহ।
৪। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক,বিকেবি,ময়মনসিংহ বিভাগ।
৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি,ময়মনসিংহ বিভাগ।
৬। নথি।